**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সভার আগস্ট মাসের কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ১১ আগস্ট, ২০২১।

সময়: দুপুর ১২.৩০ মিনিট।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সম্মানিত সভাপতি সভার শুরুতে ১৯৭৫ সালের ১৫ আগস্টে শহীদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য সকল সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন, করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণ করে চলতে হবে।
নতুন কাঠামো অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কাজসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্পন্ন করতে হবে। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে সিনিয়র প্রোগ্রাম অফিসার জনাব ফারহানা ইয়াসমিন জাহান বলেন, এপিএ তে এবার থেকে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য/সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের জন্য ৩০ নম্বর নির্ধারণ করা হয়েছে, নতুনভাবে নতুন আঙ্গিকে ৫টি বিষয়ে (শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা) আলাদাভাবে নীতিমালা ও ছক তৈরি করে দেয়া হয়েছে যাতে নির্দিষ্ট কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে করার কথা বলা হয়েছে। এরপর প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান ২০২১-২০২২ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি উপস্থাপন করেন এবং এর বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | প্রতি দুই মাসে এপিএ'র একটি সভা আয়োজন করা। পুরো অর্থবছরে মোট ছয়টি সভার আয়োজন করা। | সভা আয়োজন ও সংশ্লিষ্ট কাজ করা। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেলুজ্জামান, এপিএ টিম |
| ২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (২০২১-২০২২) বিএনসিইউ'র নির্ধারিত বিষয় (৭০ নম্বর) ও আবশ্যিক বিষয়ের (৩০ নম্বর) কার্যাবলি সম্পাদন। | বিএনসিইউ'র নির্ধারিত বিষয় ও আবশ্যিক বিষয়সমূহের কার্যাবলি ঠিকভাবে নির্দিষ্ট সময়ে সম্পন্ন করা। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ৩ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী কাজ সম্পন্ন করা। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ছক অনুযায়ী কাজ করা ও এর সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের কাজের সমন্বয় করা। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার) জনাব মোঃ সোহেলুজ্জামান, প্রোগ্রাম অফিসার (অর্থ ও প্রশাসন), প্রোগ্রাম অফিসার (আইসিটি), সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী কাজ সম্পন্ন করা। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী নির্দিষ্ট সময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করা। | প্রোগ্রাম অফিসার (অর্থ ও প্রশাসন) জনাব সাইফুল ইসলাম শুভ |
| ৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী কাজ সম্পন্ন করা। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী নির্দিষ্ট সময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করা। | প্রোগ্রাম অফিসার (শিক্ষা) জনাব আফসানা আইয়ুব |
| ৬ | তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী কাজ সম্পন্ন করা। | তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী নির্দিষ্ট সময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করা। | প্রোগ্রাম অফিসার (আইসিটি) জনাব এস. এম. ফয়সাল আরাফাত |
| ৭ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী কাজ সম্পন্ন করা। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন ছক অনুযায়ী নির্দিষ্ট সময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করা। | প্রোগ্রাম অফিসার (অর্থ ও প্রশাসন) জনাব সাইফুল ইসলাম শুভ |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২১.০৮.২০২২

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন